

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৮০৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩০. শেষের দু' রাক'আত সংক্ষেপ করা

بَابُ تَخْفِيفِ الْأُخْرَيَيْنِ

আরবী

حَدَّ ثَنَا حَفْصُ بْنُ عُمَرَ، حَدَّ ثَنَا شُعْبَةُ، عَنْ مُحَمَّدِ بْنِ عُبَيْدِ اللَّهِ أَبِي عَوْنٍ، عَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ، قَالَ: قَالَ عُمَرُ لِسَعْدِ: قَدْ شَكَاكَ النَّاسُ فِي كُلِّ شَيْءٍ حَتَّى فِي الصَّلَاةِ قَالَ: أَمَّا أَنَافَأَمُدُّ فِي الْأُولَيَيْنِ، وَأَحْذِفُ فِي الْأُخْرَيَيْنِ، وَلَا آلُو مَا اقْتَدَيْتُ بِهِ مِنْ صَلَاةٍ رَسُولِ اللَّهِ صَلَاةً مَا الله عليه وسلم قَالَ: ذَاكَ الظَّنُّ بِكَ

_ صحيح : ق

বাংলা

৮০৩। জাবির ইবনু সামুরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একবার 'উমার (রাঃ) সা'দ (রাঃ)-কে বলেন, লোকেরা আপনার প্রতিটি বিষয়ে অভিযোগ করেছে, এমনকি আপনার সালাত সম্পর্কেও। সা'দ (রাঃ) বলেন, আমি সালাতের প্রথম দু' রাক'আতে কিরাত দীর্ঘ করি এবং শেষের দু' রাক'আতে কেবল সূরাহ ফাতিহা পাঠ করি। তিনি আরো বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পিছনে যেভাবে সালাত আদায় করেছি-তার কোন ব্যতিক্রম করিনি। 'উমার (রাঃ) বলেন, আপনার ব্যাপারে আমার ধারণাও তা-ই।[1]

সহীহ: বুখরী ও মুসলিম।

English

Jabir b. Samurah reported:

'Umar said to Sa'd: people complain against you for everything, even for prayer. He replied: I prolong the first two rak'ahs of prayer and make the last two rak'ahs brief; I do not fall short of following the prayer offered by the Messenger of Allah(May peace be upon him). He said: I think so about you.



ফুটনোট

[1] বুখারী (অধ্যায়ঃ আযান, অনুঃ দু' রাক'আতে ক্রিরাআত দীর্ঘ করা এবং শেষে দু' রাক'আতে তা সংক্ষেপ করা, হাঃ ৭৭০), মুসলিম (অধ্যায়ঃ সালাত, অনুঃ যুহর ও 'আসর সালাতের ক্রিরাআত) উভয়ে শু'বাহ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন